# অতি গুরুত্বপূর্ণ কতিপয় প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্নসমূহ এবং তার উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

অষ্টাদশতম প্রশ্ন: আপনার ওপর মুসলিমের হক (দায়িত্ব-কর্তব্য) কী?

উত্তর: আল্লাহ তা'আলা বলেছেন,

﴿إِنَّمَا ٱلۡمُؤۡمِنُونَ إِخۡوَةٞ﴾ [الحجرات: ١٠]

“নিশ্চয় মুমিনরা পরস্পর ভাই ভাই।” [সূরা আল-হুজুরাত, আয়াত: ১০]

এক মুসলিম অপর মুসলিমকে ভাই হিসেবে গ্রহণ করা ওয়াজিব। সে নিজের জন্য যা পছন্দ করে তার ভাইয়ের জন্যও তা-ই পছন্দ করবে এবং নিজের জন্য যা অপছন্দ করবে অন্যের জন্যও তা অপছন্দ করবে। সাধ্যমত তাদের জন্য কল্যাণকর কিছু করা, পরস্পর সংশোধনের চেষ্টা করা, নিজেদের মাঝে ভালোবাসা বন্ধন সৃষ্টি করা ও তাদেরকে সত্যের ওপর প্রতিষ্ঠা রাখতে প্রচেষ্টা করা। এক মুসলিম অপর মুসলিমের ভাই। সুতরাং সে তার ওপর যুলুম করবে না, তাকে অপমান করবে না, তার ব্যাপারে মিথ্যা বলবে না, তাকে হেয় করবে না। যাদের ওপর তার দায়িত্ব ও কর্তব্য রয়েছে তাদের হক আদায় করবে। যেমন, পিতা-মাতা, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশী, বন্ধু-বান্ধব ও অধীনস্থ কর্মচারীদের অধিকার আদায় করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10515

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন